

শিক্ষার্থীদের ঝরেপড়া রোধে কাজ করতে হবে

নিজস্ব প্রতিবেদক

০৪ সেপ্টেম্বর ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদেরসময়



পিছিয়ে পড়া শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণ ও ঝরেপড়া রোধে সরকারকে সর্বাত্মে এগিয়ে আসতে হবে বলে মত দিয়েছেন গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরী। তিনি বলেন, পৃথিবীর অন্যতম বৃহত্তম শিক্ষাব্যবস্থা বাংলাদেশে বিদ্যমান। এত বড় ব্যবস্থায় শুধু সরকারের একার পক্ষে সবকিছু করা সম্ভব নয়। তাই তাদের পাশাপাশি এনজিও, উন্নয়ন সহযোগী- এমনকি প্রাইভেট সেক্টরকেও শিখন ঘাটতি নিরসনে কাজ করতে হবে।

গতকাল বুধবার রাজধানীর মোহাম্মদপুরের ওয়াইডরিউসিএ মিলনায়তনে গণসাক্ষরতা অভিযানের আয়োজনে এবং সেভ দ্য চিলড্রেনের সহযোগিতায় ‘পিছিয়ে পড়া শিক্ষার্থীদের শিখন ঘাটতি নিরসনে রেমেডিয়াল এডুকেশন’ শীর্ষক এক মতবিনিময়সভায় রাশেদা এসব কথা বলেন।

রাশেদা কে চৌধুরী বলেন, ‘শিখন ঘাটতি নিরসনের পাশাপাশি ঝরেপড়া রোধে মিড-ডে মিল দ্রুত সব উপজেলায় চালু করতে হবে। অথচ চাঁপাইনবাবগঞ্জের চার উপজেলায় এটি কার্যকর হলেও আদিবাসী অধ্যুষিত নাচোল উপজেলাকে বাদ দেওয়া হয়েছে। এটি কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।’

রাশেদা কে চৌধুরী আরও বলেন, ‘উপবৃত্তি বর্তমানে অত্যন্ত অপ্রতুল। আমরা বরাবরই উপবৃত্তি ৫০০ টাকা করার দাবি জানিয়ে আসছি। একই সঙ্গে মাধ্যমিকে ভর্তি নীতিমালার কারণে পরিবারগুলোকে ন্যূনতম তিন হাজার টাকা দিতে হয়। একজন চা-শ্রমিক, গৃহকর্মী কিংবা বস্তিবাসী শ্রমজীবী মানুষের সন্তানদের পক্ষে এ টাকা জোগাড় করা সম্ভব নয়। ফলে একাধিক সন্তান থাকলে তাদের শিক্ষাজীবন বাধাগ্রস্ত হয়।’ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রাশেদা কে চৌধুরী। স্বাগত বক্তব্য দেন গণসাক্ষরতা অভিযানের উপপরিচালক তপন কুমার দাস।

রেমেডিয়াল এডুকেশনের সারসংক্ষেপ উপস্থাপন করেন সেভ দ্য চিলড্রেনের প্রজেক্ট ডিরেক্টর (এডুকেশন) শাহিন ইসলাম। পরে বিভিন্ন সংস্থার প্রতিনিধিরা তাদের কার্যক্রম উপস্থাপন করেন। সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পিইডিপি ৪-এর উপপরিচালক ফরহাদ আলম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক শাহ শামিম আহমেদ এবং বাংলাদেশ ক্যাথলিক এডুকেশন বোর্ডের সাধারণ সম্পাদক ও অভিযানের কোষাধ্যক্ষ জ্যোতি এফ গোমেজ।

উন্মুক্ত আলোচনায় শিক্ষক-শিক্ষার্থী, শিক্ষা কর্মকর্তা, গবেষক, এডুকেশন ওয়াচ সদস্য ও দেশি-বিদেশি সংস্থার উন্নয়নকর্মীরা নিজেদের অভিজ্ঞতা ও সুপারিশ তুলে ধরেন।